

ইউনিট-বি
বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ
বিবিএ ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৫-২৬
রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং- ৯৪৪/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০২৫-২৬/৩৪

তারিখ : ১৭/০২/২০২৬

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬ এর ফলাফল প্রাথমিকভাবে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে ইতোমধ্যেই প্রকাশ করা হয়েছে।

উত্তীর্ণ ভর্তিচ্ছু পরীক্ষার্থীদের আগামী ২২/০২/২০২৬ থেকে ২৮/০২/২০২৬ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) পছন্দক্রম (Subject Choice Form) পূরণ করতে হবে। কোনো ভর্তিচ্ছু নির্ধারিত সময়ের মধ্যে পছন্দক্রম পূরণ করতে না পারলে ইউনিট-বি তে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং ইউনিট-বি এর কোনো বিভাগে তার আর কোনো ভর্তির সুযোগ থাকবে না। ইউনিট-বি এর অধিভুক্ত বিভাগসমূহ ও IBA তে ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভর্তি ফি সার্ভিস চার্জসহ Online-এ প্রদান করতে হবে। তবে উল্লেখ্য যে, IBA তে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি এর সাথে প্রতি সেমিস্টারে অতিরিক্ত ফি প্রযোজ্য হবে, যা IBA অফিসের মাধ্যমে পরবর্তিতে জমা দিতে হবে। উল্লেখ্য যে, IBA এর জন্য প্রযোজ্য ফি IBA ওয়েব সাইট (www.iba-ru.ac.bd) থেকে জানা যাবে।

পছন্দক্রম পূরণকারী ভর্তিচ্ছুদের মধ্যে মেধাক্রমানুসারে বিভাগ অনুযায়ী প্রথম মেধা তালিকা ০৫/০৩/২০২৬ তারিখে বিশ্ববিদ্যালয় ভর্তি ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশিত হবে। প্রথম নির্বাচন তালিকায় নির্বাচিতদের সাক্ষাৎকার ২৯/০৩/২০২৬ ও ৩০/০৩/২০২৬ তারিখ অফিস সময়ে সকাল ৯টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে। ছাত্র/ছাত্রীদের উক্ত তারিখে সকাল ৯টায় রবীন্দ্র ভবনের শিক্ষক লাউঞ্জে (২০৮ নং কক্ষ) উপস্থিত হয়ে সাক্ষাৎকার প্রদানের নির্ধারিত স্থান সম্পর্কে অবহিত হতে হবে। এছাড়াও উক্ত সাক্ষাৎকারের সিডিউল বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে পাওয়া যাবে। সাক্ষাৎকারে সনদপত্র ও প্রকৃত পরীক্ষার্থী যাচাই সন্তোষজনক হওয়া সাপেক্ষে পরীক্ষার্থী ঐ দিন অর্থাৎ ২৯/০৩/২০২৬ তারিখ হতেই তার ভর্তি কার্যক্রম শুরু করতে পারবে। এখানে উল্লেখ্য যে, ভর্তি কার্যক্রম ২৯/০৩/২০২৬ তারিখ হতে ৩১/০৩/২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখের পর ভর্তির আর কোনো সুযোগ থাকবে না। আসন ফাঁকা থাকা সাপেক্ষে ভর্তির জন্য পরবর্তী তালিকা বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

উল্লেখ্য যে, ইউনিট-বি এর পছন্দক্রম পূরণের সময় সকল বিষয় পছন্দক্রমে অন্তর্ভুক্ত করা আবশ্যিক নয়।

প্রকাশিত ফলাফলে বা বিজ্ঞপ্তিতে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন বা বাতিল করার ক্ষমতা ইউনিট-বি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ধন্যবাদান্তে,



১৭/০২/২০২৬

(প্রফেসর ড. মো. শরিফুল ইসলাম)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট-বি

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০২৫-২৬

ও

পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনিস্টিটিউট

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।